

ভূমি তথ্য ও সেবা কাঠামো-সংক্রান্ত কমিটির ষষ্ঠ সভার কার্যবিবরণী

তারিখ ও সময়	: ০৭ ফেব্রুয়ারি ২০১৬, বিকাল ০৩:০০ টা।
স্থান	: কক্ষ নম্বর ২২, ভবন নম্বর ২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভাপতি	: জনাব এন এম জিয়াউল আলম, ভারপ্রাপ্ত সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ
উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট “ক”।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় বিগত ৩০ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী উপস্থাপিত হলে তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর নিম্নবর্ণিত আলোচনা অনুষ্ঠিত হয়ঃ

২। কমিটির সদস্য-সচিব ড. মোঃ আব্দুল মান্নান কমিটি কর্তৃক ইতঃপূর্বে গৃহীত সিদ্ধান্তসমূহ ও অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, যে সকল জেলায় আরএস রেকর্ডের ডিজিটাল খতিয়ান আছে সে সকল জেলায় আরএস রেকর্ড ইএলআরএস প্রকল্পের মাধ্যমে কম্পিউটারে নতুন করে ডাটা এন্ট্রি না করার বিষয়ে এ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তের ফলে সরকারের প্রায় ২৬ কোটি টাকা সাশ্রয় হয়েছে মর্মে জানা গেছে। তিনি সভাকে অবহিত করেন যে, ৪র্থ সভায় ভূমি সংস্কার বোর্ডকে এটুআই প্রকল্প, আইসিটি বিভাগ এবং ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন প্রকল্পসমূহের সাথে যোগাযোগ করে LISF-এর উপযোগী নামজারি পদ্ধতি তৈরির জন্য সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালনের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে গত ২৮ জানুয়ারি ২০১৬ তারিখে ভূমি সংস্কার বোর্ডে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এটুআই প্রোগ্রাম কর্তৃক প্রস্তুতকৃত ইলেকট্রনিক পদ্ধতিতে নামজারি সম্পন্ন করার জন্য ই-নামজারি সিস্টেম উপস্থাপন করা হয় এবং সিস্টেমটি সম্পর্কে ভূমি সংস্কার বোর্ডের প্রায় সকল পর্যায়ের কর্মকর্তাদের মতামত গ্রহণ করা হয়। তিনি বলেন, বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী আজকের সভায় কো-অপ্টকৃত স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রেলপথ মন্ত্রণালয় এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়ের প্রতিনিধিগণ উপস্থিত আছেন। অতঃপর তিনি বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী উপ-কমিটিসমূহকে সুপারিশমালা উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

৩। ভূমি জরিপ, ভূমি রেজিস্ট্রেশন ও ভূমি ব্যবস্থাপনা কার্যক্রম সমন্বয়কল্পে সুপারিশমালা তৈরির লক্ষ্যে গঠিত উপ-কমিটির আহ্বায়ক জনাব শামসুল আলম, প্রকল্প পরিচালক, একসেস টু ল্যান্ড বলেন যে, বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ফেব্রুয়ারি ২০১৬-এর মধ্যে সুপারিশমালা প্রণয়নের সিদ্ধান্ত ছিল। তিনি বলেন যে, পূর্ণাঙ্গ সুপারিশমালা তৈরি করতে আরও কিছু সময় প্রয়োজন। তিনি আগামী তিন দিনের মধ্যে তাঁর উপ-কমিটির সুপারিশমালা তৈরি করে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন।

৪। ভূমি মন্ত্রণালয়ের ভূমি-সংক্রান্ত কার্যক্রম ডিজিটাইজেশনের লক্ষ্যে যে সকল প্রকল্প গ্রহণ করা হয়েছে সেগুলো সমন্বয়কল্পে সুপারিশমালা প্রণয়নের জন্য গঠিত উপকমিটির পূর্ববর্তী আহ্বায়ক জনাব পুন্যব্রত চৌধুরী বদলী হওয়ায় তাঁর পরিবর্তে নতুন আহ্বায়ক জনাব মোঃ আবুয়াল হোসেন, যুগ্ম সচিব, ভূমি মন্ত্রণালয় জানান যে, তিনি নতুন যোগদান করায় উপ-কমিটির কার্যক্রম সম্পর্কে সম্পূর্ণভাবে অবগত হতে কিছু সময় প্রয়োজন। তিনি ভূমি মন্ত্রণালয়ের আওতায় পরিচালিত ডিএলএমএস প্রকল্পের বিভিন্ন দিকের ওপর আলোকপাত করেন। তিনি বলেন যে, এ প্রকল্পের আওতায় নির্মিত সফটওয়্যারের সমস্যা হচ্ছে যে, এতে ইউনিয়ন ভূমি অফিসকে সংযুক্ত করা হয়নি। ডিএলএমএস প্রকল্পের আওতায় ৭টি জেলার ৪৫টি উপজেলার খতিয়ান স্ক্যান করে হার্ড ডিস্কে ধারণ করা হচ্ছে এবং সেখান থেকে কম্পিউটারে কম্পোজ করা হচ্ছে। এর মাধ্যমে ইতোমধ্যে প্রায় ১৫ লক্ষ খতিয়ানের ডিজিটাইজেশন করা সম্ভব হয়েছে। যশোরের মনিরামপুর উপজেলার সাব-রেজিস্ট্রি অফিস ও এসি ল্যান্ড অফিসের মধ্যে ইলেকট্রনিক পদ্ধতিতে তথ্য আদান প্রদানের মাধ্যমে

